

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০২০

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)  
প্রধান কার্যালয়, ঢাকা

প্রজ্ঞাপন নং-

তারিখ:

নং পিডিবিএফ এমডি নিয়োগ ও চাকুরী প্রবিধানমালা, ০১/২০২০—পল্লী দারিদ্র্য বিমোচন আইন, ১৯৯৯  
(১৯৯৯ সালের ২৩ নং আইন) এর ধারা-১১(৬) এ প্রদত্ত ক্ষমতাবলে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের  
বোর্ড অব গভর্নর্স (পরিচালনা পর্ষদ) নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথা—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)  
এর ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ ও ব্যবস্থাপনা পরিচালক এর চাকুরী প্রবিধানমালা, ২০২০ নামে  
অভিহিত হইবে। এই প্রবিধানমালা গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

(২) এই প্রবিধানমালা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন আইন, ১৯৯৯ এর ১১ ধারা মোতাবেক ফাউন্ডেশন  
এর বোর্ড অব গভর্নর্স কর্তৃক ০৩(তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগকৃত ব্যবস্থাপনা পরিচালক  
এবং ভারপ্রাপ্ত বা অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত ব্যবস্থাপনা পরিচালকের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়, —

(ক) “অসদাচরণ” বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর, অথবা কোন ভদ্রজনের পক্ষে শোভনীয়  
নয় এমন, আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে; যথা :—

- (অ) প্রশাসনিক মন্ত্রণালয়ের যে কোন প্রশাসনিক আদেশ বা বিধি-নিষেধ অমান্যকরণ;
- (আ) ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নর্স এর সভায় গৃহীত যে কোন সিদ্ধান্ত অমান্যকরণ;
- (ই) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ;

( ১১২১৫ )

মূল্য : টাকা ১২.০০

- (ঈ) কোন আইনসংগত কারণ ব্যতিরেকে ফাউন্ডেশনের কোন আদেশ, নির্দেশ অথবা প্রবিধানের প্রতি অবজ্ঞা প্রদর্শন;
- (উ) কোন কর্তৃপক্ষের নিকট ফাউন্ডেশনের কোন কর্মচারীর বিরুদ্ধে তুচ্ছ, হয়রানিমূলক, নিষ্ফল, মিথ্যা বা অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ;
- (ঊ) যৌন হয়রানি; এবং
- (ঋ) কর্তব্যে অবহেলা।
- (খ) “আইন” বলিতে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ২৩ নং আইন) বা উক্ত আইনের কোন সংশোধিত আইনকে বুঝাইবে;
- (গ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নর্স কর্তৃক মনোনীত বা বোর্ড অব গভর্নর্স এর সভাপতি কর্তৃক মনোনীত কোন কর্তৃপক্ষকে বুঝাইবে;
- (ঘ) “কর্তৃপক্ষ” বলিতে বোর্ড অব গভর্নর্স বা বোর্ড অব গভর্নর্স এর পক্ষে বোর্ডের সভাপতি কর্তৃক মনোনীত কোন কর্তৃপক্ষ বা প্রশাসনিক মন্ত্রণালয় বা ফাউন্ডেশনের কোন কর্মকর্তাকে বুঝাইবে;
- (ঙ) “চুক্তিভিত্তিক কর্মচারী” বলিতে মূলতঃ ফাউন্ডেশনের স্বল্পকালীন কোন দায়িত্বে চুক্তি ভিত্তিতে নিয়োজিত কোন ব্যক্তিকে বুঝাইবে যাহার কাজ একটি নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হইবে এবং যাহার দায়িত্ব, কর্তব্য ও কাজের শর্তাবলী বোর্ড অব গভর্নর্স এর অনুমোদনক্রমে নিয়োগ চুক্তিতে উল্লেখ থাকিবে;
- (চ) “ধারা” বলিতে আইনের ধারা বুঝাইবে;
- (ছ) “প্রয়োজনীয় যোগ্যতা” বলিতে বোর্ড অব গভর্নর্স কর্তৃক নির্ধারিত যোগ্যতা বা বোর্ড অব গভর্নর্স এর অনুমোদনক্রমে প্রণীত নীতিমালা দ্বারা নির্ধারিত যোগ্যতাকে বুঝাইবে;
- (জ) “বাছাই কমিটি” বলিতে আইনের ১১(৩) ধারা অনুসরণে গঠিত বাছাই কমিটিকে বুঝাইবে;
- (ঝ) “বোর্ড” বলিতে বোর্ড অব গভর্নর্স বা পরিচালনা পর্ষদকে বুঝাইবে;
- (ঞ) “ব্যবস্থাপনা পরিচালক” বলিতে পিডিবিএফ আইনের ধারা ১১ এর অধীনে নিযুক্ত ব্যবস্থাপনা পরিচালককে বুঝাইবে;
- (ট) “ফাউন্ডেশন” বলিতে “পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন”কে বুঝাইবে এবং ফাউন্ডেশনের কোন সিদ্ধান্ত বলিতে বোর্ড অব গভর্নর্স কর্তৃক প্রদত্ত কোন সিদ্ধান্তকে বুঝাইবে।

### ৩। নিয়োগের শর্তাবলী।—

- (ক) ব্যবস্থাপনা পরিচালক অবশ্যই জন্মসূত্রে একজন বাংলাদেশের নাগরিক হইবেন।
- (খ) ব্যবস্থাপনা পরিচালক পদে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা হইবে ন্যূনতম স্নাতকোত্তর এবং শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হইবে না।

- (গ) ব্যবস্থাপনা পরিচালক দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে ওয়াকিবহাল হইবেন এবং তাঁকে আর্থিক ব্যবস্থাপনা, প্রশাসনিক ব্যবস্থাপনা এবং ক্ষুদ্র ও এন্টারপ্রাইজ খণ্ডের ব্যবস্থাপনা বিষয়ে ন্যূনতম ২০ (বিশ) বৎসরের কাজের অভিজ্ঞতাসহ পর্যাপ্ত জ্ঞান ও দক্ষতাসম্পন্ন হইতে হইবে।
- (ঘ) ফাউন্ডেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালায় অন্য কিছু বর্ণিত না থাকিলে ব্যবস্থাপনা পরিচালকের বয়স অনূর্ধ্ব ৬২ (বাষট্টি) বছর হইবে।
- (ঙ) ব্যবস্থাপনা পরিচালক অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী হইবেন। আবেদনের সময় তাঁহাকে উক্ত পদে দায়িত্ব পালন করার জন্য মানসিক ও শারীরিকভাবে সক্ষম হইতে হইবে।
- (চ) কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত কোন ব্যক্তি বা ফৌজদারী অপরাধে অভিযুক্ত কোন ব্যক্তি অথবা বিচারের জন্য অপেক্ষমান আছেন কিংবা কোন ঋণ খেলাপী ব্যক্তি ব্যবস্থাপনা পরিচালক পদে আবেদনের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

#### ৪। চুক্তিভিত্তিক নিয়োগ ও মেয়াদ।—

- (ক) ব্যবস্থাপনা পরিচালক বোর্ড কর্তৃক ০৩(তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হইবেন। তবে প্রতি বৎসর বোর্ডের নিকট চাকুরীর যাবতীয় শর্তাবলীসহ তাহার কর্মসম্পাদন সন্তোষজনক বলিয়া বিবেচিত হইতে হইবে। বোর্ডের বিবেচনায় তাহার কর্মসম্পাদন সন্তোষজনক হইলে চুক্তির মেয়াদ প্রতি বৎসর পরবর্তী বৎসরের জন্য কার্যকর করা হইবে।
- (খ) নিয়োগের চুক্তিপত্রে বোর্ডের পক্ষ হইতে বোর্ড সভাপতি স্বাক্ষর করিবেন।

৫। চুক্তির অবসায়ন।—(১) চুক্তিভুক্ত যে কোন পক্ষ ০৩(তিন) মাস পূর্বে নোটিশ প্রদান করিয়া চুক্তির অবসান করিতে পারিবেন। ব্যবস্থাপনা পরিচালকের চাকুরির অবসায়নের ক্ষেত্রে বোর্ড অব গভর্নর্স এর পক্ষে বোর্ড সভাপতি তাহার দাপ্তরিক বা আবাসিক ঠিকানায় নোটিশ প্রদান করিবেন। অন্যদিকে ব্যবস্থাপনা পরিচালক চাকুরীর অবসায়ন চাহিলে তিনি এ সংক্রান্ত নোটিশ বোর্ড সভাপতির নিকট দাখিল করিবেন। চুক্তির মেয়াদান্তে অথবা ০৩(তিন) মাসের নোটিশের ক্ষেত্রে সময়সীমা শেষে বোর্ড বা বোর্ড সভাপতি কর্তৃক চুক্তির কার্যকারিতা স্বয়ংক্রিয়ভাবে সমাপ্ত বলিয়া বিবেচিত হইবে। এতদ্ব্যতীত নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে বোর্ড অব গভর্নর্স ০৩(তিন) মাসের নোটিশ দিয়া অথবা নোটিশ না দিয়া ০৩(তিন) মাসের মূল বেতন প্রদান করিয়া ব্যবস্থাপনা পরিচালকের চাকুরীর অবসায়ন করিতে পারিবেন:

- (ক) ব্যবস্থাপনা পরিচালক যদি কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হন;
- (খ) বর্তমানে বলবৎ কোন আইনের দ্বারা সাময়িকভাবে প্রতিষ্ঠিত কোন উপযুক্ত আদালত যদি ব্যবস্থাপনা পরিচালককে অসম্মল বলিয়া ঘোষণা করেন;
- (গ) ব্যবস্থাপনা পরিচালক যদি নিয়োগের চুক্তিপত্রে বর্ণিত কোন শর্তাবলী লংঘন করিয়াছেন বলিয়া বিবেচিত হন;
- (ঘ) ব্যবস্থাপনা পরিচালক যদি শারীরিক বা মানসিক কারণে দায়িত্ব পালনে অক্ষম হন এবং উল্লিখিত কারণে একনাগাড়ে ৯০ (নব্বই) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন;
- (ঙ) ব্যবস্থাপনা পরিচালক যদি বোর্ডের নিকট অদক্ষ বলিয়া বিবেচিত হন অথবা তিনি এমন কোন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত হন যাহা প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি বা অন্য কোনোভাবে প্রতিষ্ঠানের ক্ষতির কারণ বলিয়া বিবেচিত হয়;

(চ) ব্যবস্থাপনা পরিচালক যদি এই প্রবিধানমালায় বর্ণিত কোন প্রবিধি বা পিডিবিএফ আইনের কোন বিধান লঙ্ঘন করিয়াছেন বলিয়া বোর্ড অব গভর্নর্স বা বোর্ড সভাপতি কর্তৃক বিবেচিত হন।

(২) বিশেষ পরিস্থিতিতে বোর্ড সভাপতি একই প্রক্রিয়ায় ব্যবস্থাপনা পরিচালকের চাকুরি অবসায়ন করিতে পারিবেন। তবে তাহা পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করিতে হইবে।

**৬। বেতন এবং আনুষঙ্গিক সুবিধাদি।**—ব্যবস্থাপনা পরিচালকের মূল বেতন ও অন্যান্য সুবিধাদি বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে এবং প্রয়োজনে সম্পদের বাজারমূল্যের সাথে সামঞ্জস্য বিধানের জন্য সময় সময় তা পুনঃনির্ধারিত হইবে।

৭। **ছুটি।**—

(ক) ব্যবস্থাপনা পরিচালক প্রতি অর্থ বছরে বোর্ড সভাপতির অনুমোদন সাপেক্ষে সর্বোচ্চ ২০ দিন নৈমিত্তিক ছুটি ভোগ করিতে পারিবেন। তবে তিনি একাদিক্রমে ০৭ (সাত) দিনের বেশি ছুটি ভোগ করিতে পারিবেন না।

(খ) ইহা ছাড়া পিডিবিএফ কর্মচারী প্রবিধানমালায় বর্ণিত অন্যান্য ছুটি বোর্ড সভাপতির অনুমোদনক্রমে ভোগ করিতে পারিবেন। পিডিবিএফ কর্মচারী চাকুরী প্রবিধানমালায় উল্লেখ নাই এমন ক্ষেত্রে সরকারি কর্মচারী চাকুরী বিধি ও ছুটি বিধি প্রযোজ্য হইবে।

**৮। ব্যবস্থাপনা পরিচালক নির্বাচন।**—পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ব্যবস্থাপনা পরিচালক নিম্নরূপ পদ্ধতি অনুসরণপূর্বক নির্বাচন করা হইবে:

(ক) **বাছাই কমিটি:**

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন আইন, ১৯৯৯ এর ধারা ১১ এর উপধারা (১) এবং (৩) অনুসারে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ করা হইবে। এই উদ্দেশ্যে বোর্ড কর্তৃক ৩-৫ সদস্যবিশিষ্ট একটি বাছাই কমিটি নিয়োগ করা হইবে। কমিটির সদস্যবৃন্দের মধ্যে অন্তত ০১ (এক) জন প্রাইভেট সেক্টরের প্রতিনিধি এবং ঋণ খেলাপী নহেন এমন ০১(এক) জন সুবিধাভোগী সদস্য হইবেন। বাছাই কমিটি বোর্ডের অনুমোদন সাপেক্ষে সহযোগিতার জন্য প্রয়োজনে কারিগরী জ্ঞান সম্পন্ন কোন পরামর্শক নিয়োগ করিতে পারিবে।

(খ) **নিয়োগ বিজ্ঞপ্তি:**

বোর্ড সভাপতির নির্দেশক্রমে ফাউন্ডেশন অথবা প্রশাসনিক মন্ত্রণালয়ের একজন কর্মকর্তার স্বাক্ষরে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের উদ্দেশ্যে নিয়োগ সংক্রান্ত যাবতীয় শর্তাবলী উল্লেখপূর্বক বহুল প্রচারিত অন্তত: একটি বাংলা ও একটি ইংরেজী দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে। বিজ্ঞপ্তিতে প্রার্থীকে আবেদনের জন্য ১০(দশ) দিন সময় দেওয়া হইবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন বিবেচনা করা হইবে না। উক্ত বিজ্ঞপ্তিতে ফাউন্ডেশনের ঠিকানা উল্লেখ করিতে হইবে। বিজ্ঞপ্তির সময়সীমা উত্তীর্ণ হওয়ার সাথে সাথেই বাছাই কমিটি বাছাই প্রক্রিয়া শুরু করিবে।

(গ) **আবেদনপত্র বাছাই প্রক্রিয়া:**

(১) বাছাই কমিটি আবেদনপত্র দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে সীলকৃত আবেদনপত্র খুলিয়া প্রাথমিক বাছাইয়ের কার্যক্রম শুরু করিবে। বাছাই কমিটি আবেদনপত্র মূল্যায়নের জন্য একটি মানদণ্ড নির্ধারণ করিবে। উক্ত মানদণ্ডের আলোকে দাখিলকৃত আবেদনপত্রসমূহ হইতে বাছাইপূর্বক একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করিবে। কমিটি প্রাথমিক বাছাই সম্পর্কে বিস্তারিত মতামত লিপিবদ্ধ করিবে। অতঃপর বাছাই কমিটি সাক্ষাতকারের দিন, সময় ও স্থান নির্ধারণপূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে অবহিত করিবে।

(২) সাক্ষাতকার গ্রহণকালে বাছাই কমিটির সদস্যগণ তাহাদের পর্যবেক্ষণ পৃথকভাবে রেকর্ড করিবেন। কমিটির সদস্যগণ প্রয়োজনে আবেদনপত্রে প্রদত্ত রেফারেন্সসমূহ হইতে মতামত গ্রহণ করিবেন।

(৩) সাক্ষাতকার শেষে বাছাই কমিটির সদস্যগণ বাছাইকৃত প্রার্থীদের সম্পর্কে লিখিত মতামত প্রদান করিবেন। প্রাপ্ত মতামত পর্যালোচনাপূর্বক বেশীরভাগ সদস্যের মতামতের ভিত্তিতে ক্রমানুসারে ০৩ (তিন) জন প্রার্থী নির্বাচন করা হইবে।

(৪) কমিটি বোর্ডের নিকট ক্রমানুসারে নির্বাচিত ০৩ (তিন) জন প্রার্থীর একটি প্যানেল চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করিবে।

(৫) বাছাই কমিটির সুপারিশের প্রেক্ষিতে বোর্ড অব গভর্নর্স এর সভায় চূড়ান্ত প্রার্থী নির্বাচনপূর্বক ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হইবে।

**৯। তথ্য প্রকাশ।—**

- (ক) ব্যবস্থাপনা পরিচালক তাঁহার নিজের ও তাঁহার পরিবারের সদস্যগণের কোন প্রতিষ্ঠান/ব্যবসা/সংগঠনের মালিকানার স্বার্থ বা নিয়োগ সংক্রান্ত তথ্যাদি প্রকাশ করিতে বাধ্য থাকিবেন।
- (খ) ব্যবস্থাপনা পরিচালক ফাউন্ডেশনে দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে এমন কোন স্বাস্থ্যগত অবস্থা বা সীমাবদ্ধতা বোর্ডকে লিখিতভাবে অবহিত করিতে বাধ্য থাকিবেন।
- (গ) ব্যবস্থাপনা পরিচালক তাহার স্বীয় পদে দায়িত্ব পালনের জন্য যথাযথ যোগ্যতাসম্পন্ন কিনা সে সংক্রান্ত অন্যান্য তথ্যাদিও প্রকাশ করিতে বাধ্য থাকিবেন।

**১০। সাধারণ আচরণ ও শৃঙ্খলা।—****(১) ব্যবস্থাপনা পরিচালক—**

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;
- (খ) বোর্ড/বোর্ডের সভাপতির দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ মানিয়া চলিবেন;
- (গ) বিশেষ ক্ষেত্রে বা বোর্ডের সভাপতির দ্রুত সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন হইলে এবং বোর্ড সভায় সিদ্ধান্তগ্রহণ সম্ভব না হইলে সেই ক্ষেত্রে বোর্ড সভাপতির আদেশ ও নির্দেশ মোতাবেক তিনি দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন। তবে এই ধরনের আদেশ ও নির্দেশ পরবর্তীতে বোর্ড সভায় অনুমোদনের প্রয়োজন হইবে; এবং
- (ঘ) সততা ও অধ্যবসায়ের সহিত উক্ত অর্পিত পদের দায়িত্ব পালন করিবেন।

## (২) তিনি—

- (ক) কোন রাজনৈতিক দলের বা রাজনৈতিক দলের কোন অঙ্গ সংগঠনের সদস্য হইতে অথবা অন্য কোনভাবে উহার সহিত যুক্ত হইতে পারিবেন না, অথবা বাংলাদেশে বা বিদেশে কোনো রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করিতে বা কোন প্রকারেই সহায়তা করিতে পারিবেন না।
- (খ) ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচন অথবা অন্যত্র কোন আইন সভার বা স্থানীয় সরকারের নির্বাচনে অংশ গ্রহণ করিতে বা নির্বাচনী প্রচারণায় অংশগ্রহণ করিতে অথবা অন্য কোনোভাবে হস্তক্ষেপ করিতে বা তঁহার প্রভাব খাটাইতে পারিবেন না।
- (গ) বোর্ড সভাপতির পূর্বানুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরিস্থল ত্যাগ করিবেন না;
- (ঘ) ফাউন্ডেশনের সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না;
- (ঙ) কোন কোম্পানির এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (চ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে কোন ব্যবসা পরিচালনা করিবেন না;
- (ছ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে অন্য কোন প্রতিষ্ঠানের কোনো বৈতনিক বা অবৈতনিক চাকুরি গ্রহণ করিবেন না; এবং
- (জ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশ ব্যতীত অন্য কোন খন্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।
- (৩) কোন বিষয়ে হস্তক্ষেপ করিবার জন্য সরাসরি কোন সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারি/সরকারি ব্যক্তির শরণাপন্ন হইবেন না।
- (৪) বোর্ড সভাপতির অনুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।
- (৫) অভ্যাসগতভাবে ঋণগ্রস্ততা পরিহার করিবেন।

## ১১। মূল্যবান সামগ্রী ও স্থাবর সম্পত্তি অর্জন ও হস্তান্তর।—

- (১) ব্যবস্থাপনা পরিচালক বা তঁহার পরিবারের কোনো সদস্য বোর্ড সভাপতির পূর্বানুমোদন ব্যতীত—
- (ক) ক্রয়, বিক্রয়, দান, উইল বা অন্যভাবে বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে অবস্থিত কোন স্থাবর সম্পত্তি অর্জন বা হস্তান্তর করিতে পারিবেন না;
- (খ) কোনো বিদেশি, বিদেশি সরকার বা বিদেশি সংস্থার সহিত কোনো প্রকার ব্যবসায়িক লেনদেন করিতে পারিবেন না।
- (২) ব্যবস্থাপনা পরিচালক তাহার অধঃস্তন কর্মচারীর সহিত সকল প্রকার লেনদেনের ক্ষেত্রে পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষ তথা বোর্ড সভাপতিকে অবহিত করিবেন।

**১২। ইমারত, এপার্টমেন্ট বা ফ্ল্যাট নির্মাণ অথবা ক্রয়।—**

ব্যবস্থাপনা পরিচালক বোর্ড এর পূর্বানুমোদন ব্যতিরেকে ব্যবসায়িক বা আবাসিক উদ্দেশ্যে নিজে বা কোন ডেভেলপারের দ্বারা কোন ইমারত, এপার্টমেন্ট বা ফ্ল্যাট নির্মাণ বা ক্রয় করিতে পারিবেন না।

**১৩। সম্পত্তির ঘোষণা।—**

ব্যবস্থাপনা পরিচালককে চাকুরিতে প্রবেশের সময় বোর্ডের নিকট তাহার অথবা তাহার পরিবারের সদস্যদের মালিকাধীন বা দখলে থাকা শেয়ার, সার্টিফিকেট, সিকিউরিটি, বীমা পলিসি এবং মোট পঞ্চাশ হাজার টাকা বা ততোধিক মূল্যের অলংকারাদিসহ সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি সম্পর্কে ঘোষণা প্রদান করিতে হইবে এবং উক্ত ঘোষণায় নিম্নোক্ত বিষয়াদির উল্লেখ থাকিবে:—

- (ক) যে জেলায় সম্পত্তি অবস্থিত উক্ত জেলার নাম;
- (খ) পঞ্চাশ হাজার টাকার অধিক মূল্যের প্রত্যেক প্রকারের অলংকারাদি পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে, এবং
- (গ) বোর্ড কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশের মাধ্যমে আরো যেই সমস্ত তথ্য চাওয়া হয়।

**১৪। নারী সহকর্মীদের প্রতি আচরণ।—**

ব্যবস্থাপনা পরিচালক নারী সহকর্মীদের প্রতি এমন কোনো প্রকারের ভাষা ব্যবহার বা আচরণ করিতে পারিবেন না, যাহা অনুচিত এবং অফিসিয়াল শিষ্টাচার ও নারী সহকর্মীদের মর্যাদার হানি ঘটায়।

**১৫। স্বার্থের দ্বন্দ্ব।—**

(১) যখন ব্যবস্থাপনা পরিচালক নিজ দায়িত্ব পালনকালে দেখিতে পান যে—

- (ক) কোনো কোম্পানি বা ফার্ম বা অন্য কোনো ব্যক্তির সহিত কোনো চুক্তি সম্পর্কিত যে কোনো বিষয়ে তাহার পরিবারের কোনো সদস্যের স্বার্থ রহিয়াছে এমন কোনো বিষয় তাহার বিবেচনাধীন আছে;
- (খ) উক্ত রূপ কোম্পানি, ফার্ম বা ব্যক্তির অধীনে তাহার পরিবারের কোন সদস্য কর্মরত আছেন, তাহা হইলে উক্ত বিষয়টি তিনি নিজে বিবেচনা না করিয়া বোর্ড সভাপতির নিকট সিদ্ধান্তের জন্য প্রেরণ করিবেন।

**১৬। সরকারি সিদ্ধান্ত, আদেশ ইত্যাদি:**

ব্যবস্থাপনা পরিচালক সরকারের বা কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্ত বা আদেশ পালনে বাধ্য থাকিবেন এবং সকল বিষয়ে তিনি জনসম্মুখে আপত্তি উত্থাপন করিতে বা যেকোনো প্রকারে বাধা প্রদান করিতে পারিবেন না।

**১৭। বিদেশি মিশন ও সাহায্য সংস্থার নিকট তদবির।—**

ব্যবস্থাপনা পরিচালক নিজের জন্য বিদেশ ভ্রমণের আমন্ত্রণ সংগ্রহ অথবা বিদেশে প্রশিক্ষণের সুবিধা লাভের জন্য দেশে অবস্থিত কোন বিদেশি মিশন বা সাহায্য সংস্থার নিকট প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন তদবির করিতে পারিবেন না।

**১৮। নাগরিকত্ব, ইত্যাদি।—**

- (ক) ব্যবস্থাপনা পরিচালক সরকারের পূর্বানুমোদন ব্যতীত কোন বিদেশি নাগরিকত্ব গ্রহণ করিতে পারিবেন না।
- (খ) যদি ব্যবস্থাপনা পরিচালকের স্বামী বা স্ত্রী বিদেশি নাগরিকত্ব গ্রহণ করেন, সেই ক্ষেত্রে তিনি তাহা সরকারকে ০৭(সাত) দিনের মধ্যে অবহিত করিবেন।

**১৯। আচরণ সংক্রান্ত বিধানের প্রযোজ্যতা।—**

যেই ক্ষেত্রে আচরণ সংক্রান্ত কোনো বিধান এই প্রবিধানমালায় বর্ণিত হয় নাই সেই ক্ষেত্রে সরকারি কর্মকর্তাদের জন্য প্রযোজ্য বিধি-বিধান প্রযোজ্য হইবে।

**২০। দন্ডসমূহ।—**

- (ক) ব্যবস্থাপনা পরিচালক এই প্রবিধানমালার কোন শর্ত ভঙ্গ করিলে বোর্ড অব গভর্নর্স প্রবিধি-৫ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, অথবা
- (খ) তাহার বিরুদ্ধে বোর্ড অব গভর্নর্স পিডিবিএফ কর্মচারী প্রবিধানমালার আলোকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**২১। বিবিধ।—**

বোর্ড অব গভর্নর্স যে কোন সময় ফাউন্ডেশনের স্বার্থে এই প্রবিধানমালায় যে কোন ধরনের সংশোধন/পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ রেজাউল আহসান

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।